

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ : ২৭ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/১১ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১১-আইন/আয়কর/২০২২।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডকে, এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ পরিচালনা সংক্রান্ত কার্যক্রম হইতে উদ্ধৃত ব্যবসা-আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি :

- বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে; এবং
- উক্ত কোম্পানিকে উক্ত Ordinance এর section 75, 75A, 108 এবং 108A অনুযায়ী আয়কর রিটার্ন সাটিফিকেট, বিবরণী বা তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৪৮৫ )

মূল্য : টাকা ৪.০০